# বুলুগুল মারাম

## হাদিস নাম্বারঃ ১৫৮

পর্ব - ২ঃ সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ১. সালাতের সময়সমূহ - ইশার সালাতকে প্রথম ওয়াক্ত থেকে বিলম্বিত করার বিধান

### আরবী

وَعَنْ عَائِشَةَ رَضِيَ اللَّهُ عَنْهَا قَالَتْ: أَعْتَمَ رَسُولُ اللَّهِ ـ صلى الله عليه وسلم ـ ذَاتَ لَيْلَةٍ بِالْعِشَاءِ, حَتَّى ذَهَبَ عَامَّةُ اللَّيْلِ, ثُمَّ خَرَجَ, فَصَلَّى, وَقَالَ: «إِنَّهُ لَوَقْتُهَا لَوْلَا أَنْ أَشُقَّ عَلَى أُمَّتِي». رَوَاهُ مُسْلِمٌ

صحيح. رواه مسلم (638) (219) و «أعتم»: أخرها حتى اشتدت عتمة الليل، وهي ظلمته

### বাংলা

১৫৮। 'আয়িশা (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম কোন এক রাতে 'ইশার সালাত আদায় করতে অনেক বিলম্ব করেছিলেন। এমন কি রাতের বেশ কিছু সময় গত হয়ে গিয়েছিল। তারপর তিনি বের হয়ে সালাত আদায় করে বললেন, এটাই হচ্ছে 'ইশা সালাত আদায়ের উপযুক্ত সময়, যদি আমি আমার উম্মতের উপর কষ্ট মনে না করতাম। তবে এসময়টাকেই নির্ধারণ করতাম।[1]

### ফুটনোট

[1] মুসলিম ২১৯, ৬৩৮, 'أعتم' অর্থাৎ; বিলম্ব করতেন এমনটি রাতের অন্ধকার খুব ঘনীভূত হয়ে আসত।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন  বর্ণনাকারীঃ আয়িশা বিনত আবূ বাকর সিদ্দীক (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=69969

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন